

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট
জাতীয় বিশ্ববিদ্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

সূত্রঃ সিইডিপি/পিএমইউ/টিসি-০৭/২০১৭/৯৩

তারিখঃ ০২ জানুয়ারি, ২০১৯

বিজ্ঞপ্তি

কলেজ শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংক এর যৌথ অর্থায়নে College Education Development Project (CEDP) এর আওতায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত অনার্স/মাস্টার্স কলেজসমূহের অধ্যক্ষ, উপাধ্যক্ষ স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কোর্সে পাঠদানকারী শিক্ষকদের জন্য University of Nottingham Malaysia Campus (UNMC), কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের সার্বিক তত্ত্বাবধানে নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্স চালু রয়েছে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত অনার্স/মাস্টার্স কলেজের আগ্রহী শিক্ষকগণকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের TTIS এর মাধ্যমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

| প্রশিক্ষণের নাম | কোর্সের নাম | মেয়াদ | সেমিস্টার | প্রশিক্ষণের ধরন | আবেদনকারী |
|----------------------------|--|--------|--|---|--|
| অধ্যক্ষ প্রশিক্ষণ | মাস্টার অব আর্টস ইন এডুকেশন লিডারশীপ এন্ড ম্যানেজমেন্ট | ২ বছর | ২ সেমিস্টার (প্রতি সেমিস্টারে ২ টি করে এসাইনমেন্ট) ৩য় সেমিস্টার-ডিসারটেশন | মালয়েশিয়ায়- প্রতি সেমিস্টারে ফেস-টু-ফেস সেশন-২১ দিন বাংলাদেশে- অনলাইনে টিউটর গাইডেড লার্নিং | উপাধ্যক্ষ, অধ্যক্ষ, অধ্যাপক ও ন্যূনতম ১২ বছরের অভিজ্ঞতা সম্পন্ন বেসরকারি কলেজ শিক্ষক |
| মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ | মাস্টার অব আর্টস ইন এডুকেশন | ২ বছর | ২ সেমিস্টার (প্রতি সেমিস্টারে ২ টি করে এসাইনমেন্ট) ৩য় সেমিস্টার-ডিসারটেশন | মালয়েশিয়ায়- প্রতি সেমিস্টারে ফেস-টু-ফেস সেশন-২১ দিন বাংলাদেশে- অনলাইনে টিউটর গাইডেড লার্নিং | প্রভাষক, সহকারি অধ্যাপক ও সহযোগী অধ্যাপক |
| ফিউচার লিডার প্রশিক্ষণ | পোস্ট গ্রাজুয়েট সার্টিফিকেট ইন এডুকেশন লিডারশীপ এন্ড ম্যানেজমেন্ট | ১ বছর | ২ সেমিস্টার (প্রতি সেমিস্টারে ১ টি করে এসাইনমেন্ট) | বাংলাদেশে- প্রতি সেমিস্টারে ফেস-টু-ফেস সেশন-২১ দিন ও অনলাইনে টিউটর গাইডেড লার্নিং | সহযোগী অধ্যাপক ও অধ্যাপক |
| শিক্ষক প্রশিক্ষণ | পোস্ট গ্রাজুয়েট সার্টিফিকেট ইন এডুকেশন | ১ বছর | ২ সেমিস্টার (প্রতি সেমিস্টারে ১ টি করে এসাইনমেন্ট) | বাংলাদেশে- প্রতি সেমিস্টারে ফেস-টু-ফেস সেশন-২১ দিন ও অনলাইনে টিউটর গাইডেড লার্নিং | প্রভাষক, সহকারি অধ্যাপক |

আবেদনের নিয়মাবলী:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট-www.nu.edu.bd এর কলেজ ইউজার রেজিস্ট্রেশনের মাধ্যমে অধ্যক্ষ মহোদয়ের অনুমোদনসাপেক্ষে অনলাইনে আবেদন করার অনুরোধ করা হলো। (TTIS-এ রেজিস্ট্রেশন ও তথ্য প্রেরণের পূর্বে ওয়েবসাইট এর TRAINING মেন্যুতে TTIS-নির্দেশাবলী অবশ্যই অনুসরণ করুন অথবা প্রয়োজনে TTIS-হেল্পলাইন নম্বরে কল করে সহযোগিতা গ্রহণ করুন)।

মাস্টার ট্রেইনার ও টিচার ট্রেইনিং:

ক) স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর বিষয়সমূহ: ডিপিপি শর্ত মোতাবেক ইংরেজি, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ফিন্যান্স, ব্যবসা প্রশাসন, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, রসায়ন, পদার্থবিজ্ঞান, গণিত ও পরিসংখ্যান বিষয়ের শিক্ষকগণের জন্য প্রযোজ্য।

খ) ফিউচার লিডার ও অধ্যক্ষ প্রশিক্ষণ:

সকল বিষয়ের শিক্ষকগণের জন্য প্রযোজ্য।


আবেদনের শেষ তারিখ: ১০ জানুয়ারি, ২০১৯

ইংরেজি ল্যাংগুয়েজ ও আইসিটি বিষয়ে সিইডিপি কর্তৃক অনলাইনভিত্তিক টেস্ট গ্রহণ শুরু: ১৮ জানুয়ারি, ২০১৯

বিশেষ দ্রষ্টব্য: ১) উপরে উল্লিখিত সেমিস্টারসমূহ (নির্ধারিত এসাইনমেন্টসহ) সফলভাবে সম্পন্নকারী ও ল্যাংগুয়েজ প্রফিসিয়েন্সি টেস্ট IELTS 6.5 অথবা MUET Band 4 প্রাপ্ত প্রশিক্ষণার্থী নটিংহাম ইউনিভার্সিটির ডিগ্রী অর্জন করবেন।

২) IELTS এ 6.5 প্রাপ্ত প্রার্থীগণ প্রশিক্ষণার্থী নির্বাচনের সময় অগ্রাধিকার পাবেন।

৩) ইতোমধ্যে TTIS এর নিবন্ধিত শিক্ষকগণের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। কেবল নতুনভাবে পদায়নকৃত ও সদ্য IELTS এ 6.5 প্রাপ্ত প্রার্থীগণ তথ্য হালনাগাদ করবেন।


এ কে এম মুখলেছুর রহমান
প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব)

ফোন: ৫৫১৩৮৫২৬

ই-মেইল: cedb.pmu@gmail.com